দৈনিক বাংলা

তারিখ 18 NOV 1988
পৃষ্ঠা 10 কলাম 2

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

143

যেখানে অনার্স আছে—

# মাস্টার্স চালু না করলে কলেজের অনুমোদন বাতিল: ভিসি

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন, অনার্স চালু আছে এমন কলেজগুলোতে অবিলম্বে মাস্টার্স চালু করা না হলে কলেজের এ্যাফিলিয়েশন বাতিল করা হবে।

তিনি গত মঙ্গলবার নবাবগঞ্জে দোহার নবাবগঞ্জ কলেজের ডিগ্রী পাস পরীক্ষা কেন্দ্র খোলা উপলক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন। কলেজ প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে বক্তৃতা করেন সাবেক প্রতিমন্ত্রী কলেজের প্রতিষ্ঠাতা আতাউদ্দিন খান, স্বতন্ত্র পার্টির সংসদ সদস্য বোরহান উদ্দিন খান, কলেজের অধ্যক্ষ শফিউদ্দীন খান, ডাঃ মতিউর রহমান খান, ইসলাম খান প্রমুখ। উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুর রহমান এতে সভাপতিত্ব করেন।

ভাইস-চ্যান্সেলর বলেন: শিক্ষার মান পড়ে যাচ্ছে। সেশন জটের কারণে অনার্স অধ্যয়নরত অনেক ছাত্র-ছাত্রী গোপনে ডিগ্রী পরীক্ষা দিচ্ছে। প্রফেসর মান্নান উচ্চ শিক্ষাঙ্গনের নৈরাজ্য দূর করতে সচেষ্ট হওয়ার জন্যে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

আতাউদ্দীন খান কলেজের সুনাম রক্ষার জন্য পরীক্ষায় অসদুপায়ের সঙ্গে নিজেদের জড়িত না করার জন্যে দোহার-নবাবগঞ্জ কলেজের ছাত্র-ছাত্রীদের পরামর্শ দেন।

তিনি কলেজের সার্বিক উন্নয়নে সহযোগিতা প্রদানেরও আশ্বাস দেন।